



মোবাইল প্রতিবেদনের প্রস্তাবপত্র

অংশগ্রহণকারী (দের) পূরণের জন্য

প্রকল্প নম্বর: এএএস২১-এএ৩১

শিরোনাম: পরিবেশ সাংবাদিকতা: ভারত-প্রশান্ত মহাসাগরীয়
অঞ্চলের প্রধান নদীসমূহ – প্রাণ ও সংঘাতের উৎস

পারিবারিক
নাম(পদবী):

.....

নামের
প্রথমাংশ:

.....

ডয়চে ভেলে একাডেমি বাংলাদেশ থেকে পরিবেশ ও জলবায়ু বিষয়ক নানা সংকট নিয়ে প্রতিবেদন খুঁজছে, যা জলের সঙ্গে সরাসরি সম্পর্কিত (নদী, হ্রদ, ঝর্ণা, সাগর ইত্যাদি)। বাস্তুসংস্থানে পরিবর্তন কিভাবে স্থানীয় জনগোষ্ঠীর ওপর প্রভাব ফেলে, প্রতিবেদনে এর ওপর জোর দিতে হবে। বিশেষ করে নারী ও সমাজের অন্যান্য অপেক্ষাকৃত দুর্বল অংশ (তরুণ, আদিবাসী, সংখ্যালঘু, প্রান্তিক জনগোষ্ঠী এবং প্রতিবন্ধী) কিভাবে পরিবেশগত সংকটে আক্রান্ত হন, এমন প্রতিবেদন আমরা বিশেষভাবে উৎসাহিত করছি।

কিভাবে বিভিন্ন স্থানীয় জনগোষ্ঠী পরিবেশগত চ্যালেঞ্জ মোকাবিলা করছে এবং সংকটের সম্ভাব্য সমাধান নিয়ে প্রতিবেদনকেও উৎসাহিত করা হচ্ছে। এছাড়া আপনার প্রতিবেদন কিভাবে পরিবেশ সংকটের বৃহত্তর প্রশ্ন (যেমন আন্তর্জাতিক সংকট, আঞ্চলিক সহযোগিতা) ইত্যাদির সঙ্গেও সম্পৃক্ত হতে পারে, সেদিকেও নজর দিতে আবেদনকারীদের আহ্বান জানাচ্ছে ডয়চে ভেলে একাডেমি।

প্রতিবেদনের প্রস্তাবপত্র তৈরির সময় নীচের বিষয়গুলো খেয়াল রাখবেন:

- **প্রাসঙ্গিকতা:** আপনার প্রতিবেদনে কোন পরিবেশগত সংকটের কথা তুলে ধরা হচ্ছে? কেন এটা গুরুত্বপূর্ণ এবং কার কাছে?
- **স্থানীয় রেফারেন্স:** স্থানীয় জনগোষ্ঠীর বাস্তুসংস্থানের সংকটকে আপনার প্রতিবেদন কিভাবে তুলে ধরছে? এই সংকট বিষয়ে তাদের ভাবনা কী?
- **দৃষ্টিকোণ:** বিষয়টি নিয়ে এরই মধ্যে গণমাধ্যমে সংবাদ প্রকাশ হয়ে থাকলে আপনার প্রতিবেদন কোন দিক থেকে আলাদা? নতুন কোনো দৃষ্টিকোণ কি যোগ করতে পারছেন?
- **প্রভাব:** আপনার প্রতিবেদনের রূপরেখার যৌক্তিক বিবরণ দিয়েছেন? এর মধ্যে কোনো অনুসন্ধানী উপাদান কি রয়েছে, যা ইস্যুটির প্রতি দৃষ্টি আকর্ষণ, বিতর্ক ও আলোচনা শুরু বা ব্যবস্থা গ্রহণের চাপ প্রয়োগের পরিস্থিতি তৈরি করতে পারে?
- **সম্ভাব্যতা:** আপনি কি নির্ধারিত সময়ের মধ্যে এই প্রতিবেদন তৈরি করতে পারবেন?
- **গল্প বলার উদ্ভাবনী উপায়:** প্রতিবেদনে কোনো গল্প তুলে ধরার ক্ষেত্রে সৃষ্টিশীল হওয়া বাড়তি যোগ্যতার পরিচয়।

আপনি বাংলা বা ইংরেজিতে আপনার প্রতিবেদনের প্রস্তাবপত্র লিখতে পারেন। কর্মশালায় অংশগ্রহণের জন্য নির্বাচিত হলে আপনার প্রস্তাবপত্রের ভিত্তিতেই স্টোরিবোর্ড এবং মোবাইল ভিডিও প্রতিবেদন তৈরির কাজ এগিয়ে যাবে।


মনে রাখবেন, আপনার কাছে থাকা সরঞ্জাম (স্মার্টফোন, মাইক্রোফোন, ট্রাইপড) ব্যবহার করেই আপনাকে ভিডিও প্রতিবেদন প্রস্তুত করতে হবে। ডয়চে ভেলে একাডেমি আপনাকে কোনো সরঞ্জাম সরবরাহ করবে না। প্রতিবেদন প্রস্তুত করার জন্য আপনি এক মাসের মতো সময় পাবেন।

আপনার প্রস্তাবিত প্রতিবেদনের বিষয় কী? এখানে পরিবেশের কোন সংকটের কথা তুলে ধরতে চান?

স্থানীয় জনগোষ্ঠীর ওপর পরিবেশ সংকটের প্রভাব আপনার প্রতিবেদনে কিভাবে উঠে আসবে?
এই সংকট নিয়ে তাদের প্রতিক্রিয়া ও মন্তব্য কিভাবে তুলে ধরা হবে?

আপনার প্রস্তাবিত প্রতিবেদনের প্রাসঙ্গিকতা কী? কাদের জন্য এটা সবচেয়ে বেশি প্রাসঙ্গিক? অন্য গণমাধ্যমেও এই একই প্রতিবেদন প্রকাশ হয়ে থাকলে আপনার প্রতিবেদন তাদের থেকে কিভাবে আলাদা? আপনি নতুন কী তুলে ধরতে চান?

আপনার প্রতিবেদনে কি সংকটের কোনো সম্ভাব্য সমাধান বা উপায় তুলে ধরা হয়েছে? উত্তর হ্যাঁ হলে, কিভাবে?



আপনার প্রস্তাবিত প্রতিবেদন আপনি কোথায় প্রকাশ বা প্রচার করতে চান? আপনার প্রতিবেদনের লক্ষ্য কারা? প্রতিবেদন কোনো মাধ্যমে প্রকাশ করার পরিকল্পনা থাকলে তার/তাদের লিংক দিন।

